



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বাহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭


স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ইউজিসি/২০১৫/৮৯১৩

তারিখ : ০৬.০৬.২০১৫

**বিষয়ঃ Sustainable Development Goal-4 (SDG-4) অর্জনের জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে
শিক্ষা প্রতিষ্ঠানে পরিচ্ছন্নতা সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা বাস্তবায়ন ও মনিটরিং
প্রসঙ্গে।**

সূত্র: ইউজিসি/প্রশাঃ/৪(৪)/৭৩/১১-১/৩১৬৬, তাং- ০৯.০৪.২০১৯ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় এর মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এর ০১.০৪.২০১৯ইং তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-১০৭ দ্বারা জারীকৃত পরিপত্র মোতাবেক পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে পরিপত্রের নির্দেশনা বাস্তবায়ন ও মনিটরিং সংক্রান্ত কার্যক্রমগুলো গ্রহণ করার জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত ফায়িল এবং কামিল মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষগণকে (ভারপ্রাপ্ত) আদিষ্ট হয়ে অনুরোধ করা হল (কপি সংযুক্ত)।


০৬/০৬/২০১৫

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

১৩ (A)
০৫/০৫/১৯
১৩ (A)
১৩-১১

পরিপত্র

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩- ১০৭

তারিখ: ১৮ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

Sustainable Development Goal-4 (SDG-4) অর্জনের জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা গুরুত্বপূর্ণ। জ্ঞানার্জনের পাশাপাশি শিক্ষা কার্যক্রমের আওতায় পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো:

২.০ পরিচ্ছন্নতা সম্পর্কিত ইতোপূর্বে জারীকৃত পরিপত্রের নির্দেশনা বাস্তবায়ন ও মনিটরিং সংক্রান্ত কার্যক্রম

- ২.১ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ পরিচ্ছন্নতা সম্পর্কিত পরিপত্রের নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি/একজন সদস্য কর্তৃক প্রত্যয়ন করে প্রতি রবিবার উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করবেন। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ই-মেইল এ জেলা শিক্ষা অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন;
- ২.২ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার, জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসকবৃন্দ কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন কালে পূর্বে জারীকৃত পরিপত্রে উল্লেখিত পরিচ্ছন্নতার বিষয়গুলো পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত করবেন এবং সংশ্লিষ্ট মহাপরিচালক বরাবর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন;
- ২.৩ সবুজ ও পরিচ্ছন্ন স্কুল (Green School, Clean School) ওয়েবপেইজে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচ্ছন্নতার তথ্যাদি আপলোড করতে হবে;
- ২.৪ গুরুত্বপূর্ণ স্থান, স্থাপনা, বাড়িঘর পরিষ্কার-পরিচ্ছন্ন করার জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিয়মিত মা/অভিভাবক সমাবেশ করবে;
- ২.৫ যে কোনো সরকারি কর্মকর্তা মাঠ পর্যায়ে পরিদর্শনকালে কমপক্ষে দুটি শিক্ষা প্রতিষ্ঠান ভিজিট করবেন। পরিদর্শনকালে সকল শিক্ষক উপস্থিত আছেন কিনা এবং পরিচ্ছন্নতা সম্পর্কিত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করবেন এবং পরিদর্শন প্রতিবেদনে তা লিপিবদ্ধ করবেন।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন চেয়ারম্যানের দফতর	
সচিব	<input checked="" type="checkbox"/>
পরিচালক (অই)	<input type="checkbox"/>
পরিচালক (আরএসপি)	<input type="checkbox"/>
পরিচালক (গউ)	<input type="checkbox"/>
পরিচালক (আইএমসিটি)	<input type="checkbox"/>
পরিচালক (বেবি)	<input type="checkbox"/>
পরিচালক (পিইউএম)	<input type="checkbox"/>
পরিচালক (এসপিউএ)	<input type="checkbox"/>
পরিচালক (জিএসই)	<input type="checkbox"/>
পরিচালক (সিআরপারগনসি)	<input type="checkbox"/>

স্বাক্ষরিত/-
তারিখ: ০১.০৪.২০১৯
(মো. সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ